# হিসাববিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ মা-মণি ট্রেডার্সের ২০১৬ সালের ৩০ জুন তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ:

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১/৭/১৫) | ৩৪,০০০ | |
| মূলধন | | ৮০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৮২,৫০০ | ১,৪০,০০০ |
| বেতন (৯ মাস) | ১৭,৭০০ | |
| দেনাদার ও পাওনাদার | ২৭,৫০০ | ২৫,০০০ |
| বহির্মুখী বহন খরচ | ৩,৫০০ | |
| আন্তঃফেরত | ৩,০০০ | |
| প্রদত্ত বাট্টা ও প্রাপ্ত দস্তুরি | ১,৫০০ | ২,৪০০ |
| মজুরি ও বকেয়া মজুরি | ৬,৪০০ | ২,৬০০ |
| ইজারা সম্পত্তি (৮ বছর) | ৬০,০০০ | |
| ব্যাংক চার্জ | ১,০০০ | |
| জ্বালানি খরচ | ৩,২০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১২,৭০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩,০০০ |
| সর্বমোট | ২,৫৩,০০০ | ২,৫৩,০০০ |

**সমন্বয়সমূহ:** i. বছর শেষে অবিক্রীত পণ্যের মূল্য ছিল ৪৩,০০০ টাকা। ii. বহিঃফেরত ২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। iii. দেনাদারের ১,৫০০ টাকা অবলোপন এবং অবশিষ্ট দেনাদারের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে। iv শিক্ষানবিশ সেলামি ২ বছরের জন্য প্রাপ্ত।

ক. মা-মণি ট্রেডার্সের নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মা-মণি ট্রেডার্সের মোট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

গ. মোট মুনাফা ৯০,০০০ টাকা ধরে প্রতিষ্ঠানটির নিট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

Teachingbd.com

২.▶ মেহেরীন এন্টারপ্রাইজের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও সমন্বয়ের বিষয়সমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ৩০,০০০ | ২,০০,০০০ |
| ২. | অফিস সরঞ্জাম | | ১,৫০,০০০ | |
| ৩. | ক্রয় ও বিক্রয় | | ১,০৫,০০০ | ২,৫০,০০০ |
| ৪. | ১০% বিনিয়োগ (১/১/১৬) | | ৫০,০০০ | |
| ৫. | সুনাম | | ৬০,০০০ | |
| ৬. | দেনাদার ও পাওনাদার | | ৩৫,০০০ | ২৮,০০০ |
| ৭. | অতিরিক্ত মূলধন (১/৭/১৬) | | | ১০,০০০ |
| ৮. | পুঞ্জীভূত অবচয় সরঞ্জাম | | | ২০,০০০ |
| ৯. | সাধারণ খরচাবলি | | ২০,৫০০ | |
| ১০. | বেতন ও মজুরি | | ৪৭,০০০ | |
| ১১. | ব্যাংক ওভার ড্রাফট | | | ১৩,৫০০ |
| ১২. | সাধারণ সঞ্চিতি | | | ২০,০০০ |
| ১৩. | অগ্রিম ভাড়া | | ১৫,০০০ | |
| ১৪. | নগদ তহবিল | | ২৯,০০০ | |
| | | | ৫,৪১,৫০০ | ৫,৪১,৫০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্য ৪৮,০০০ টাকা। ii. ১,৫০০ টাকার মনিহারি দ্রব্য অব্যবহৃত রয়েছে। iii. মূলধনের ওপর ১০% সুদ এবং অফিস সরঞ্জামের ৫% অবচয় ধরতে হবে।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. নিট মুনাফা ১,০৪,০০০ টাকা ধরে মেহেরীন এন্টারপ্রাইজের আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

গ. প্রতিষ্ঠানটিতে বিনিয়োজিত মূলধনের পরিমাণ এবং বিনিয়োজিত মূলধনের ওপর নিট মুনাফার হার নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩.▶ জনাব শিহাব ২০১৬ সালের ১ এপ্রিল নগদ ২,৫০,০০০ টাকা; ১,৫০,০০০ টাকার যন্ত্রপাতি এবং ১,০০,০০০ টাকা ঋণ নিয়ে বেকারি ব্যবসায় শুরু করেন।

| | | |
|---|---|---|
| এপ্রিল | ২ | মনছুরের নিকট থেকে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা। |
| ” | ৫ | শরীফের নিকট বিস্কুট বিক্রয় ১০,০০০ টাকা। |
| ” | ৭ | কারখানার ভাড়া প্রদান ১৫,০০০ টাকা। |
| ” | ১০ | নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা। |

Teachingbd.com

"  ১৭  পণ্য ক্রয় ৭,০০০ টাকা।
"  ২০  শশীর নিকট থেকে ময়দা ক্রয় ৮,০০০ টাকা।
"  ৩০  মালিক ব্যবসায় থেকে উত্তোলন করেন ৭,৫০০ টাকা।

ক. জনাব শিহাবের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২, ৫, ৭ ও ৩০ তারিখের লেনদেনগুলোর সমীকরণ পদ্ধতিতে কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

গ. ১, ৫, ২০ ও ৩০ তারিখের লেনদেনগুলোর ভিত্তিতে বিবরণী ছক প্রস্তুত করে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৪. ▶ প্রীতম স্টোরস এ ২০১৬ সালের জুন মাসে নিম্নোক্ত ফেরতসমূহ সংঘটিত হয়েছে:

জুন ৩  রাহুল ট্রেডার্সের নিকট হতে প্রতি প্যাকেট ২৫০ টাকা দরে ১ ডজন গুড়ো দুধের প্যাকেট মেয়াদোত্তীর্ণ হওয়ায় ফেরত আসল। কারবারি বাট্টা ৩%, ক্রেডিট নোট নং-২৬৫।

"  ১০  আরমান ব্রাদার্সের নিকট প্রতি কেজি ৮০ টাকা দরে ৫০ কেজি ডিটারজেন্ট নিম্নমানের হওয়ায় ফেরত পাঠানো হলো। কারবারি বাট্টা $২^{১}/_{২}$%, ডেবিট নোট নং-১৮৫।

"  ২৪  রাশেদ এন্ড সন্স এর নিকট হতে প্রতি পাউন্ড ২৩০ টাকা দরে ২০ পাউন্ড চা পাতা নমুনা মাফিক না হওয়ায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ২%, ক্রেডিট নোট নং-২৭১।

ক. মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১০ জুন তারিখের ডেবিট নোটটি প্রস্তুত করো। ৪

গ. প্রীতম স্টোরস-এর বিক্রয় ফেরত জাবেদা তৈরি করো। ৪

৫. ▶ জনাব শাহপরান ঢাকাস্থ চকবাজারের একজন পাইকারি ব্যবসায়ী। ২০১৬ সালের সেপ্টেম্বর মাসে নিম্নোক্ত ক্রয়-বিক্রয় সংঘটিত হয়:

সেপ্টে. ৪  জালাল ট্রেডার্স এর নিকট থেকে প্রতি লিটার ১২০ টাকা দরে ২৫০ লিটার সয়াবিন তেল ক্রয়। কারবারি বাট্টা ৫%, চালান নং-২৯। উক্ত চালানে ২০০ টাকা প্যাকিং খরচ ধরা হয়েছে।

"  ১২  অন্নপূর্ণা অয়েল মিলস থেকে প্রতি লিটার ১৪০ টাকা দরে ১০০ লিটার সুরেশ সরিষার তেল ক্রয়। চালান নং-১৭৭, শর্ত ৩/১০, নিট ৩০।

"  ২০  সায়ান স্টোরস তেঁজগাও-এর নিকট প্রতি কৌটা ৪৫০ টাকা দরে ৫ ডজন মিল্ক ভিটা ঘি এর কৌটা বিক্রয়। কারবারি বাট্টা ৩%। চালান নং- ২০৫।

ক. অন্নপূর্ণা অয়েল মিলস্ থেকে প্রাপ্য নগদ বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০ তারিখের চালানটি প্রস্তুত করো। ৪

http://teachingbd.com

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে জনাব শাহপরানের ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

৬.▶ জনাব রায়হান ২০১৬ সালের ১ জুলাই নগদ ১,৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার পণ্য দ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| জুলাই | ২ | ব্যবসায়ের জন্য কম্পিউটার ক্রয় ২৫,০০০ টাকা। |
| " | ৯ | রুমির নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ১০,০০০ টাকা। |
| " | ১০ | বাবুলের নিকট হতে ১০% বাট্টায় ১৫,০০০ টাকার পণ্য ক্রয়। |
| " | ১২ | অফিসের ভাড়া অগ্রিম পরিশোধ ৪,০০০ টাকা। |
| " | ১৫ | জনাব রায়হানের ব্যক্তিগত খরচ ব্যবসায় হতে পরিশোধ ২,০০০ টাকা। |
| " | ১৭ | বাবুলের নিকট পণ্য ফেরত ১,২০০ টাকা। |
| " | ২১ | মারুফের নিকট থেকে ঋণ গ্রহণ ২০,০০০ টাকা। |
| " | ৩০ | কর্মচারী শওকতের বেতন অপরিশোধিত ৩,৫০০ টাকা। |

ক. উক্ত মাসে জনাব রায়হানের মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত জোড় তারিখগুলোর লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪
গ. জনাব রায়হানের জুলাই মাসের খতিয়ানে নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

৭.▶ প্রিয়ন্তি ট্রেডার্সের মে, ২০১৬ এর নগদ লেনদেনসমূহ নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মে | ১ | ব্যবসায়ে বিনিয়োগ করা হলো ৬৪,০০০ টাকা। |
| " | ৩ | ৫% বাট্টায় রাজা ট্রেডার্স-এর নিকট থেকে ১২,০০০ টাকার পণ্য ক্রয় করে চেক প্রদান করা হলো। |
| " | ৭ | মজুমদার ব্রাদার্সের নিকট থেকে ৪% বাট্টায় ১০,০০০ টাকার পাওনা আদায় হলো। |
| " | ১০ | আসবাবপত্র মেরামত বাবদ ব্যয় হলো ১,৫০০ টাকা। |
| " | ১৫ | পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ৫,০০০ টাকা। |
| " | ২১ | মোহিতের ৭,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৬,৮০০ টাকা পরিশোধিত হলো। |
| " | ২৫ | পণ্য বিক্রয় ৮,০০০ টাকা। |

ক. প্রিয়ন্তি ট্রেডার্সের নগদ বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪
গ. প্রিয়ন্তি ট্রেডার্সের নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

৮.▶ জনাব সাহিদা আক্তারের ব্যবসায়ের ২০১৬ সালের অক্টোবর মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| অক্টো. | ১ | নগদ উদ্বৃত্ত ১৮,৫০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ১৩,৩০০ টাকা। |
| " | ৩ | ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন নগদ ৩,০০০ টাকা ও পণ্য ১,০০০ টাকা। |
| " | ৬ | সায়েমের কাছ থেকে ৭,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৬,৭০০ টাকার চেক প্রাপ্তি। |

Teachingbd.com

” ১০ পণ্য বিক্রয় নগদে ৫,০০০ টাকা ও চেকে ১০,০০০ টাকা।
” ১৪ সাথী এন্ড কোং-এর নিকট থেকে ৫% বাট্টায় ৬,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
” ১৫ মোবিনের নিকট থেকে ৫,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৮০০ টাকার একটি চেক পেয়ে তা রবিনের পাওনা বাবদ হস্তান্তর করা হলো।
” ২১ সাথী এন্ড কোং-এর পাওনা নগদে পরিশোধ করা হলো।
” ৩০ নগদ উদ্বৃত্তের ১,০০০ টাকা হাতে রেখে অবশিষ্ট অর্থ ব্যাংকে জমা দান।

ক. মোট কত টাকার লেনদেন নগদান বইয়ের অন্তর্ভুক্ত হবে না? ২
খ. প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত ও নগদ লেনদেনগুলো অবলম্বনে একখানা একঘরা নগদান বই প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত সকল লেনদেনের ভিত্তিতে জনাব সাহিদা আক্তারের তিনঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৯.▶ রাইয়ান ব্রাদার্সের বিভিন্ন হিসাবসমূহের উদ্বৃত্ত (৩১ ডিসেম্বর, ২০১৬) নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| দালানকোঠা | ৫,০০,০০০ | পণ্য ক্রয় | ১,৪৭,০০০ |
| পণ্য বিক্রয় | ২,৯০,০০০ | মজুরি ও বেতন | ২০,০০০ |
| বহিঃপরিবহন | ১১,৮০০ | আন্তঃপরিবহন | ১২,০০০ |
| বিমা প্রিমিয়াম | ৫,০০০ | বিজ্ঞাপন | ১৭,৫০০ |
| মূলধন | ৬,০০,০০০ | প্রাপ্য হিসাব | ২৭,০০০ |
| প্রদেয় হিসাব | ১০,০০০ | ৯% সঞ্চয়পত্র | ২৫,০০০ |
| সঞ্চয়পত্রের বকেয়া সুদ | ২,৫০০ | পুরাতন আসবাবপত্র | ১,৫০০ |
| আসবাবপত্র | ৬০,০০০ | বিক্রয়জনিত মুনাফা | |
| অগ্রিম প্রাপ্ত ভাড়া | ৭,০০০ | মজুদ পণ্য (১/১/১৬) | ১৭,৫০০ |
| হাতে নগদ (৩১/১২/১৬) | ৫৮,২০০ | মজুদ পণ্য (৩১/১২/১৬) | ৩৫,০০০ |
| | | আয়কর | ৫,০০০ |
| | | ব্যাংক জমাতিরিক্ত (১/১/১৬) | ১০,০০০ |

ক. মোট কত টাকার উদ্বৃত্ত রাইয়ান ব্রাদার্স-এর রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না? ২
খ. রাইয়ান ব্রাদার্স-এর রেওয়ামিলটি প্রস্তুত করো। ৪
গ. রাইয়ান ব্রাদার্সের মুনাফা জাতীয় আয়-ব্যয়ের পার্থক্য নির্ণয় করো। ৪

১০.▶ প্রভাতি প্রিন্টার্স ঢাকার একটি স্বনামধন্য স্কুলের ২০১৭ সালের ১০,০০০টি ডায়েরি প্রস্তুতের কাজ পেল। উক্ত কাজের জন্য তাদের নিম্নোক্ত খরচগুলো হয়:

| | |
|---|---|
| কাগজ ক্রয় | ২,০০,০০০ টাকা |
| ছাপার কালি ক্রয় | ৫০,০০০ টাকা |

Teachingbd.com

| | |
|---|---|
| আঠা ও সুতা ক্রয় | ১০,০০০ টাকা |
| কারখানা ভাড়া ও বিদ্যুৎ খরচ | ২৫,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরি | ২৫,০০০ টাকা |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ২৪,০০০ টাকা |
| টেলিফোন বিল | ২,০০০ টাকা |
| আপ্যায়ন খরচ | ৩,০০০ টাকা |

বিল আদায় খরচ দরপত্র উদ্বৃত্ত মূল্যের ২% প্রতিটি ডায়েরির দরপত্র মূল্য ৪০ টাকা।

ক. প্রভাতি প্রিন্টার্সের মুখ্য ব্যয় নির্ণয় করো। ২

খ. প্রভাতি প্রিন্টার্সের প্রতিটি ডায়েরির উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪

গ. প্রভাতি প্রিন্টার্সের প্রতিটি ডায়েরির লাভ/ক্ষতি নির্ণয় করো। ৪

**১১.▶** জনাব তাহসান একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। এছাড়া তিনি একটি কলেজে পার্ট টাইম লেকচার দিয়ে থাকেন। ২০১৬ সালে তার পারিবারিক আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

জানুয়ারি ১, ২০১৬ : আসবাবপত্র ও সরঞ্জাম ২,০০,০০০ টাকা; ডিপিএস-এ জমা ১,০০,০০০ টাকা; স্বর্ণালঙ্কার ৮০,০০০ টাকা; পিএফ তহবিলের ঋণ ১,৫০,০০০ টাকা ও নগদ তহবিল ২৩,৫০০ টাকা।

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১/১/১৬) | ২৩,৫০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৬৮,০০০ |
| বেতন | ২,৪০,০০০ | বাড়িভাড়া | ৫০,৪০০ |
| পার্টটাইম লেকচারের সম্মানি | ৬০,০০০ | দৈনন্দিন বাজার | ২৪,০০০ |
| বিবিধ প্রাপ্তি | ১২,৫০০ | মুদি ও মনিহারি | ২,৫০০ |
| | | স্টিলের আলমারি ক্রয় | ৩৫,০০০ |
| | | পিএফ ঋণ পরিশোধ | ৩০,০০০ |
| | | মোটর সাইকেল ক্রয় | ১,০০,০০০ |
| | | ডিপিএস এ জমা | ১৮,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১/১২/১৬) | ৮,১০০ |
| | ৩,৩৬,০০০ | | ৩,৩৬,০০০ |

**অন্যান্য তথ্য :** i. ৩,০০০ টাকার খাদ্যসামগ্রী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে অব্যবহৃত রয়েছে। ii. বাড়ি ভাড়া ৪,২০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে।

ক. প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

খ. জনাব তাহসানের আয় উদ্বৃত্ত বা ঘাটতি ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব তাহসানের ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. আধুনিক হিসাব বিজ্ঞানের উৎপত্তি—
ⓚ ইতালিতে ⓚh ইংল্যান্ডে
ⓖ ভারতবর্ষে ⓖh জার্মানিতে

২. আর্থিক স্বচ্ছলতা হিসাববিজ্ঞানের একটি—
ক) ভূমিকা খ) সুবিধা
গ) উদ্দেশ্য ঘ) প্রয়োজনীয়তা

৩. আর্থিক তথ্যাবলী সংশ্লিষ্ট পক্ষকে জানানো হিসাববিজ্ঞানের—
ক) সুবিধা খ) উদ্দেশ্য
গ) বৈশিষ্ট্য ঘ) জবাবদিহিতা

৪. ফরমায়েশকৃত পণ্য পাওয়া গেলে এটা কী?
ক) শুধু ঘটনা খ) শুধু লেনদেন
গ) ঘটনা ও লেনদেন ঘ) লেনদেন নয়

৫. সম্পদের অবচয়—
ক) দৃশ্যমান
খ) অদৃশ্যমান
গ) আংশিক দৃশ্যমান
ঘ) আংশিক অদৃশ্যমান

৬. 'ব্যাংক হতে ঋণ গ্রহণ'- হিসাব সমীকরণের প্রভাব কী?
ক) A ও P বৃদ্ধি খ) A ও P হ্রাস
গ) A ও L বৃদ্ধি ঘ) L বৃদ্ধি

৭. কী অনুসরণ করে দু'তরফা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করা হয়?
ক) উদ্দেশ্য খ) সুবিধা
গ) মূলনীতি ঘ) অসুবিধা

৮. প্রতিটি লেনদেনের সাথে থাকে—
i. দু'টি হিসাব খাত
ii. দ্বৈত সত্ত্বা
iii. ডেবিট-ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. মি জনির নিকট থেকে ৫০,০০০ টাকা প্রাপ্তি। এখানে সুবিধা প্রদানকারী পক্ষ হলো—
ক) মি. জনি
খ) ব্যবসায় প্রতিষ্ঠান
গ) নগদান হিসাব
ঘ) আয়-ব্যয় হিসাব

১০. পুরাতন আসবাবপত্র বিক্রয়লব্ধ অর্থ—
ক) মূলধন জাতীয় প্রাপ্তি
খ) মুনাফাজাতীয় আয়
গ) মোট আয়
ঘ) নিট আয়

১১. মুনাফা জাতীয় ব্যয় কোনটি?
ক) আসবাবপত্র হিসাব
খ) দালান হিসাব
গ) মাল ক্রয়
ঘ) সুনামের মূল্য

১২. লেনদেনের আর্থিক অবস্থা জানতে প্রয়োজন হয়—
i. বিশদ আয় বিবরণী
ii. মালিকানা স্বত্ব বিবরণী
iii. আর্থিক অবস্থার বিবরণী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. 'T' ছকে মোট কয়টি ঘর আছে?
ক) ৬টি খ) ৭টি
গ) ৮টি ঘ) ১০টি

১৪. A = L + E এখানে E হচ্ছে—
ক) সম্পত্তি খ) স্বত্ত্বাধিকার
গ) দায় ঘ) সবগুলো

১৫. 'ফাইল কেবিনেট' ক্রয় কী হিসাবে লিপিবন্ধ হবে?
ক) মনিহারী হিসাবে
খ) ক্রয়-বিক্রয় হিসাবে
গ) অফিস সরঞ্জাম হিসাবে
ঘ) আসবাবপত্র হিসাব

Teachingbd.com

১৬. প্রকৃত জাবেদায় কোন ধরনের লেনদেন লিখা হয়?
ক সমাপনী দাখিলা
খ ধারে ক্রয়
গ ধারে বিক্রয়
ঘ বিক্রয় ফেরত

১৭. চেক মারফত কোন দেনা পরিশোধ করলে ক্রেডিট হয় কোন হিসাব?
ক নগদান　খ ব্যাংক
গ আসবাবপত্র　ঘ চেক

১৮. বিক্রয় বইতে বিক্রয় মূল্যের সাথে যোগ করা হয়—
i. বিমা খরচ
ii. বিক্রয় পরিবহন
iii. প্যাকিং খরচ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১৯. খতিয়ান হিসাবের কোন ধরনের বই?
ক প্রাথমিক বই
খ খসড়া বই
গ চূড়ান্ত পাকা বই
ঘ প্রাথমিক বা খসড়া বই

২০. কোনটি হিসাব চক্রের ধাপ?
ক হিসাব সীমকরণ
খ লেনদেন
গ ঘটনা
ঘ জাবেদা ও খতিয়ান

২১. খতিয়ান বইতে ক্রেডিট হিসাবটি ক্রেডিট দিকে বিবরণের ঘরে কী লিখতে হয়?
ক প্রতিষ্ঠানের নাম
খ মালিকের নাম
গ ক্রেডিট হিসাবটির নাম
ঘ ডেবিট হিসাবটির নাম

২২. নগদ প্রাপ্তি ও প্রদানের পার্থক্যকে কী বলে?
ক মুনাফা　খ উদ্বৃত্ত
গ সুদ　ঘ বাট্টা

২৩. নগদান বইয়ের সমাপনী জের কী নির্দেশ করে?
ক ক্রয়　খ বিক্রয়
গ পাওনা　ঘ হাতে নগদ

২৪. রেওয়ামিলের উদ্দেশ্য কয়টি?
ক তিনটি　খ চারটি
গ ছয়টি　ঘ সাতটি

২৫. রেওয়ামিলের ডেবিট ও ক্রেডিট দিকের টাকার পরিমাণ সমান হলেও যে সব ভুল থাকতে পারে—
i. নীতিগত ভুল
ii. পরিপূরক ভুল
iii. বাদ পড়ার বা লেখার ভুল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

২৬. আর্থিক অবস্থার বিবরণীর পূর্ব নাম কী ছিল?
ক আয়-বিক্রয় হিসাব
খ লাভ-ক্ষতি হিসাব
গ উদ্বর্ত পত্র
ঘ বিশদ বিবরণী

২৭. বিশদ আয় বিবরণীর মাধ্যমে কী জানা যায়?
ক লাভ　খ ক্ষতি
গ লাভ-ক্ষতি　ঘ সম্পত্তির পরিমাণ

২৮. বিমা প্রিমিয়াম ৩,০০০ টাকা। ৩ মাসের বিমা প্রিমিয়াম অগ্রিম দেওয়া হয়েছে। অগ্রিম বিমার পরিমাণ কত?
ক ৭৫০ টাকা　খ ১,০০০ টাকা
গ ৫০০ টাকা　ঘ ১,২৫০ টাকা

২৯. কোনটি উৎপাদন ব্যয় বিবরণীর চূড়ান্ত স্তর?
ক মোট ব্যয়　খ উপরিব্যয়
গ মুখ্য ব্যয়　ঘ বিক্রয়মূল্য

৩০. আর্থিক অবস্থার বিবরণীতে দায়ের দিকে বসবে—
i. মূলধন জাতীয় প্রাপ্তিসমূহ
ii. যাবতীয় অগ্রিম আয়সমূহ
iii. আয়-ব্যয় বিবরণীর আয় উদ্বৃত্ত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd.com